

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৬৩(আগরতলা-০৯।০৯)
কুমারঘাট, ০৯ সেপ্টেম্বর, ২০১৯

দুর্গা পূজা : কুমারঘাটে পূজো উদ্যোক্তাদের নিয়ে সভা অনুষ্ঠিত

কুমারঘাট মহকুমায় আসন্ন দুর্গা পূজা এবং কালীপূজা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ৭ সেপ্টেম্বর কুমারঘাট পঞ্চায়েত সমিতির হলে বিভিন্ন ক্লাব, সামাজিক সংস্থা ও পূজা উদ্যোক্তাদের সাথে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিধায়ক ভগবান দাস বলেন, দুর্গোৎসবের জন্য কুমারঘাটের একটি সুনাম রয়েছে। দূরদূরান্ত থেকে পূজার আনন্দ উপভোগ করতে মানুষ এখানে চলে আসেন। কুমারঘাটের এই সুনামকে বজায় রাখতে তিনি আইন-শৃঙ্খলা মেনে চলার পাশাপাশি প্যাভেলগুলিতে সুন্দর পরিবেশ তৈরী করতে পূজা উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। বিধায়ক সুধাংশু দাস বলেন, পূজার দিনগুলি যাতে শান্তিতে অতিবাহিত হয় তার জন্য সবাইকে এগিয়ে আসতে হবে। সভায় জেলাশাসক রবীন্দ্র রিয়াং পুলিশ প্রশাসন ও পূজা উদ্যোক্তাদের সহযোগিতা এবং সমন্বয়ের ভিত্তিতে দুর্গা পূজা ও কালীপূজাকে সর্বাঙ্গীন সুন্দর করে তুলতে আহ্বান জানান। পূজার সময় তিনি মহকুমার জনবহুল স্থানগুলিতে সি সি কেমেরা লাগাতে বলেন এবং ক্লাবগুলিকে পর্যাপ্ত স্বেচ্ছাসেবক রাখতে অনুরোধ জানান। ঊনকোটি জেলার পুলিশ সুপার লাকি চৌহান সার্বজনীন এই পূজাকে সকলের সম্মিলিত সহযোগিতায় শান্তির পরিবেশে সম্পন্ন করার আহ্বান জানান। সভায় এছাড়া বক্তব্য রাখেন মহকুমা পুলিশ আধিকারিক গগনজয় রিয়াং, প্রাক্তন বিধায়ক বিজয় রায়। স্বাগত ভাষণ দেন মহকুমা শাসক সন্দীপ চক্রবর্তী। সভায় উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান হ্যাপি দাস, কুমারঘাট পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস, কুমারঘাট ব্লকের বি ডি ও মিঠুন দাস চৌধুরী সহ সমাজসেবীগণ। সভায় সভাপতিত্ব করেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা মালাকার।
